

বাংলাদেশ দূতাবাস

ব্যাকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

UNESCAP এর ৭৯তম কমিশন অধিবেশনে ভিডিও বার্তায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪ দফা রূপরেখা প্রদান

ব্যাকক, ১৫ মে ২০২৩:

এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে টেকসই উন্নয়নের জন্য জলবায়ু সংক্রান্ত উদ্যোগ (climate action) বাস্তবায়ন ত্বরান্বিত করার আহ্বান জানানোর মধ্য দিয়ে আজ থাইল্যান্ডের রাজধানী ব্যাককে United Nations Economic and Social Commission for Asia and the Pacific (UNESCAP) পাঁচ দিনব্যাপী ৭৯তম অধিবেশন শুরু হয়েছে।

জলবায়ু পরিবর্তন মোকাবিলা সংক্রান্ত কর্মকাণ্ডে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ত্বরান্বিত করা এবং আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির জন্য এ অঞ্চলের বিভিন্ন দেশের নেতৃবৃন্দ এবং অন্যান্য অংশীজনদের একত্রিত করে প্রয়োজনীয় নীতি বিকল্প চিহ্নিত করা এবং আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রগুলি নিয়ে নীতিনির্ধারণী আলোচনার জন্য এ সম্মেলনের আয়োজন। এবারের অধিবেশনে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নেট-জিরো অর্জনে উচ্চাভিলাষী জলবায়ু সংক্রান্ত উদ্যোগ (climate actions) বাস্তবায়নকে উৎসাহিত করা এবং বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধিকে ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখা জন্য, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিনিয়োগ শীর্ষক আলোচনা, এক্ষেত্রে অর্জিত সাফল্য সহযোগিতা এবং জলবায়ু পরিবর্তন সমাধান মেলার আয়োজনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং প্রভাব প্রশমনে বিশেষ আলোচনার আয়োজন করা হয়েছে।

আজ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের শীর্ষ পর্যায়ের আলোচনা পর্বে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি ভিডিও বার্তা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে ভবিষ্যত প্রজন্মের জন্য বিশ্বকে একটি নিরাপদ ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার লক্ষ্যে জলবায়ু পরিবর্তনের বিপজ্জনক হুমকির বিরুদ্ধে লড়াই করার জন্য আঞ্চলিক অংশীদারিত্বের প্রতি গুরুত্ব আরোপ করে ৪-দফা রূপরেখা প্রদান করেন। তিনি বলেন, জাতীয় কর্ম পরিকল্পনা (NAP) বাস্তবায়নের পাশাপাশি জাতীয়ভাবে নির্ধারিত অবদান (Nationally Determined Contribution-NDC) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা উন্নয়নশীল দেশসমূহের পর্যাপ্ত অর্থের প্রয়োজন। এক্ষেত্রে তিনি জলবায়ু পরিবর্তন মোকাবিলা সহিষ্ণু উন্নয়নের জন্য বিজ্ঞান ভিত্তিক জ্ঞান বিনিময়, প্রযুক্তি বিনিময়, উদ্ভাবন নির্ভর বাণিজ্য ও বিনিয়োগে আন্তর্জাতিক সহায়তার উপর গুরুত্ব আরোপ করেন। চতুর্থ শিল্প বিপ্লবের এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায়, তিনি উন্নয়নশীল দেশসমূহের জন্য বিশেষ বাণিজ্য সুবিধা প্রদান, ডিজিটাল বাণিজ্য এবং তথ্য প্রযুক্তি নির্ভর পরিষেবাগুলির প্রাপ্যতার উপর জোর দেন। মাননীয় প্রধানমন্ত্রী এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে টেকসই উন্নয়ন নিশ্চিত জলবায়ু সংক্রান্ত উদ্যোগসমূহ (climate actions) বাস্তবায়নের জন্য উপ-আঞ্চলিক সহযোগিতা জোরদার করা, বিশেষ করে চলমান অংশীদারিত্ব ভিত্তিক কর্মকাণ্ড ত্বরান্বিত করা এবং নতুন অংশীদারিত্ব গড়ে তোলার পরামর্শ দেন।

অধিবেশনে বাংলাদেশের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব শরিফা খানের নেতৃত্বে ১৩ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল অনলাইনে এবং বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক হতে সরাসরি অংশগ্রহণ করছে। প্রতিনিধিদলের সদস্যবৃন্দ বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরছে। উদ্বোধনী অধিবেশনে থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও UNESCAP এ বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ আবদুল হাই এবং বিকল্প স্থায়ী প্রতিনিধি ও উপ-স্থায়ী প্রতিনিধিগণ সরাসরি এবং বাংলাদেশ থেকে প্রতিনিধি দলের অন্যান্য সদস্যরা অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে অংশগ্রহণ করেন।

